সংবাদ

তারিখ: 17 DEC 2017
পৃষ্ঠা: ৪ কলাম: ১

# মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সঙ্গে স্বর্ণ-কিশোরী নেটওয়ার্ক ফাউন্ডেশনের সমঝোতা স্মারক সই

**নিজস্ব বার্তা পরিবেশক**

সারাদেশের মাধ্যমিক বিদ্যালয়সমূহে অধ্যয়নরত কিশোর-কিশোরীদের মূল পাঠ্যক্রমের পাশাপাশি বয়ঃসন্ধি স্বাস্থ্য উন্নয়ন, টিকা, হাত ধোয়া, মাসিককালীন পরিচ্ছন্নতা, স্বাস্থ্যকর টয়লেট ব্যবহার, বাল্যবিবাহ প্রতিরোধ, পুষ্টি জ্ঞান, ঝরে পড়া রোধ, পাঠাভ্যাস গড়ে তোলা, স্বাধীনতার চেতনায় উদ্বুদ্ধকরণ, নৈতিক মূল্যবোধের অবক্ষয় রোধ এবং মাদক ও জঙ্গিবাদের ভয়াবহতা সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সঙ্গে স্বর্ণ-কিশোরী নেটওয়ার্ক ফাউন্ডেশনের এক সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে এ সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব সোহরাব হোসাইন এবং স্বর্ণ-কিশোরী নেটওয়ার্ক ফাউন্ডেশনের চেয়ারম্যান ফারজানা ব্রাউনিয়া নিজ নিজ পক্ষে স্মারকে স্বাক্ষর করেন। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

এসময় মন্ত্রী বলেন, 'আমাদের শিশুরা যাতে ভালো স্বাস্থ্য, ভালো মন এবং অধিকার নিয়ে এগিয়ে যেতে পারে, সে জন্য শিক্ষা মন্ত্রণালয় থেকে বিভিন্ন উদ্যোগ নেয়া হয়েছে।